দৈনিক ইত্তেফাক

তারিখ ... ৮.৭.৮৮
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

010

# সরকার শিক্ষিতের হার দ্বিগুণ করার পরিকল্পনা নিয়াছেন

— শিক্ষামন্ত্রী

বাসস জানায়, শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ বলিয়াছেন, বর্তমান সরকার ঘরে ঘরে শিক্ষার

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## শিক্ষিতের হার

( ১ম পৃঃ পর )

আলো পেঁছাইয়া দিতে বদ্ধপরিকর। তিনি বলেন, কেবলমাত্র দেশের শিক্ষক সমাজের সক্রিয় সহযোগিতার দ্বারাই সরকারের এই উদ্যোগ সফলতা লাভ করিতে পারে।

শিক্ষামন্ত্রী গতকাল (বৃহস্পতিবার) ঢাকায় বাংলাদেশ সরকারী মাধ্যমিক স্কুল শিক্ষক সমিতির ঢাকা মহানগরী ইউনিটের সম্মেলনে বক্তৃতা করিতেছিলেন। তিনি বলেন, বর্তমান সরকার আগামী ২ হইতে ৩ বৎসরের মধ্যে শিক্ষিতের হার দ্বিগুণ করার পরিকল্পনা নিয়াছেন। মন্ত্রী বলেন, গত ৬ বৎসরে শিক্ষাখাতে বরাদ্দ চারগুণ বৃদ্ধি করা হইয়াছে। শিক্ষকদের সমাজের সর্বাপেক্ষা জ্ঞানী ও সচেতন অংশ হিসাবে বর্ণনা করিয়া শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষকদের জাতির প্রতি যথাযথ দায়িত্ব পালনে সক্ষম নূতন প্রজন্ম গড়িয়া তুলিতে হইবে। সমিতির সাধারণ সম্পাদক শহীদুর রহমানও সম্মেলনে বক্তৃতা করেন।